

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

সম্ভাব্য বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ:
(লালমনিরহাট, নীলফামারী এবং রংপুর জেলার জন্য প্রযোজ্য)

প্রকাশের তারিখ: ০৩/০৬/২০২২

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের ০৩/০৬/২০২২ তারিখের বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস অনুসারে, আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম (বরাক অববাহিকা), মেঘালয় ও হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গের কতিপয় স্থানে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ফলে উত্তরাঞ্চলের ব্রহ্মপুত্র, যমুনা এবং উত্তর-পূর্বাঞ্চলের সুরমা, কুশিয়ারসহ সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে। ভারী বৃষ্টিপাতের প্রেক্ষিতে উত্তর-পূর্বাঞ্চলের কতিপয় স্থানে নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমা অতিক্রম করতে পারে। আগামী ৪৮ ঘন্টায় ভারী বৃষ্টিপাতের প্রেক্ষিতে দেশের উত্তরাঞ্চলের তিস্তা ও ধরলা নদীর পানি সমতল দ্রুত বৃদ্ধি পেয়ে বিপদসীমা অতিক্রম করতে পারে এবং সাময়িক বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

এমতাবস্থায়, উপরোক্ত জেলার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে সম্ভাব্য বন্যার ক্ষতির হাত থেকে দণ্ডায়মান ফসলকে রক্ষার জন্য নিম্নলিখিত কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শসমূহ প্রদান করা হলো:

১. পরিপক্ক ফসল অবিলম্বে সংগ্রহ করুন।
২. জমি তৈরি করা ও জমিতে বীজ বপন থেকে বিরত থাকুন।
৩. জমিতে সার, কীটনাশক এবং সেচ প্রদান থেকে বিরত থাকুন।
৪. গুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।
৫. গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।



ড. মোঃ শাহ কামাল খান
 প্রকল্প পরিচালক
 মোবাইল ফোন নং +৮৮০১৭১২ ১৮৪২৭৪